# শ্রবণ হীনতা যেন আপনাকে সীমাবদ্ধ না করে




# জীবন ভোর শোনা

World Health
Organization

# শ্রবণ হীনতা যেন আপনাকে সীমাবদ্ধ না করে



৫% বা তার বেশী
মানুষের শোনার অসুবিধা আছে



শ্রবণ যন্ত্রের প্রয়োজন আছে এমন জনসংখ্যার ৮৩%
শ্রবণ যন্ত্র ব্যবহার করে না



শ্রবণ পুনর্বাসনে সবাই
উপকৃত হবে

যদি প্রয়োজন অনুযায়ী সবাই শ্রবণ যন্ত্র ব্যবহার করত, তাহলে শ্রবণহীনতা থেকে যে প্রতিবন্ধকতা তৈরী হয়, তার ৫৯%
কমিয়ে ফেলা যেত


## শ্রবণ পুনর্বাসন



শ্রবণযন্ত্র ও ককলিয়া
প্রতিস্থাপন



শোনা ও বলার পুনর্বাসন



ইশারা ভাষা ও যোগাযোগ



সহায়ক প্রযুক্তি ও পরিষেবা

## শ্রবণ পুনর্বাসনের উপযোগিতা

বেশী মাত্রায় শিক্ষার সুযোগ


কাজ পাওয়ার যোগ্যতা ও
রোজগার বৃদ্ধি এবং সর্বোপরি দেশের
অর্থনীতির উন্নতি হবে

বিষণ্ণতা ও মেধার অবনমন
জনিত ব্যয় হ্রাস পাবে

একটি সমন্বিত সমাজ গড়ে উঠবে

বিশ্ব স্বাস্থ্য সংস্থার
অঞ্চলগুলিতে শ্রবণযন্ত্র
**ব্যবহার জনিত বর্তমান ঘাটতি**

**সারা পৃথিবী ৮৩%**




আমেরিকার অঞ্চল
ইউরোপীয় অঞ্চল
পূর্ব ভূমধ্যসাগরীয় অঞ্চল
দক্ষিণ পূর্ব এশীয় অঞ্চল
আফ্রিকান অঞ্চল
পশ্চিম প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল

## চাহিদাগুলি অপূর্ণ কেন ?



শ্রবণযন্ত্র, ককলিয়া প্রতিস্থাপন, ব্যাটারি ও নিয়মিত রক্ষণাবেক্ষণের জন্য অতিরিক্ত খরচ



মানব সম্পদ ও পরিষেবার ঘাটতি



শ্রবণ পুনর্বাসনের উপযোগিতার বিষয়ে সচেতনার অভাব




বধিরতা ও শ্রবণ যন্ত্রের ব্যবহার বিষয় নিয়ে সামাজিক কুসংস্কার এবং নেতিবাচক দৃষ্টিভঙ্গী


# কি ভাবে এই ঘাটতি **পূরণ করা যায়?**



সহজে এবং কম খরচে যাতে উন্নত মানের নিরাপদ প্রযুক্তি ও পরিষেবা পাওয়া যায় তার জন্য নীতি নির্ধারণ ও তার প্রয়োগ।




বিশ্ব স্বাস্থ্য সংস্থা স্বীকৃত উন্নত মানের অথচ স্বল্প মুল্যের শ্রবণ যন্ত্র তৈরী করা। এ ব্যাপারে নিম্ন ও মধ্য আয় উপার্জনকারী দেশগুলির জন্য উপযুক্ত শ্রবণ যন্ত্র প্রযুক্তির ব্যাপারে বিশ্ব স্বাস্থ্য সংস্থার একটি নির্দেশিকা রয়েছে, প্রয়োজনে সেটা দেখে নেওয়া যেতে পারে । সুত্রঃ https://bit.ly/2tlQIHx






**সরকারী পরিষেবায় শ্রবণযন্ত্র ও ককলিয়া প্রতিস্থাপনকে অন্তর্ভুক্ত করতে হবে, শুধু তাই নয় সহায়ক জিনিষ হিসেবে এটি যাতে প্রাধান্য পায় এবং দেশের মধ্যে যেন সহজলভ্য হয় তা নিশ্চিত করতে হবে।**

একচেটিয়া ভাবে উচ্চ প্রশিক্ষিত অডিওলজিস্টের উপর নির্ভর না করে সরাসরি ভাবে সরকারী প্রশিক্ষণের আওতায় এনে স্থানীয় ভাবে গ্রাহক পরিষেবা দেওয়া। যেমন; টেলি অডিওলজি, ট্রেনেবেল শ্রবণ যন্ত্রের ব্যবহার, ই এবং এম স্বাস্থ্য পরিষেবা - এগুলি প্রতিটি দেশের প্রয়োজন এবং স্বাস্থ্য ব্যবস্থার নিরিখে গ্রহণ ও প্রয়োগ করা উচিত।



বধিরতা সম্পর্কে সমাজে যে নেতিবাচক ধারণা রয়েছে সেটিকে দুর করার জন্য পরিকল্পনানুসারে ধারাবাহিক ভাবে নির্ভুল তথ্যের প্রচার করতে হবে । বধির মানুষদের দল ও দলের কাজকে শক্তিশালী করার মাধ্যমে তাদের সশক্তিকরণ করতে হবে।








আমদানি শুল্ক বা কর মকুব করে, যৌথ ভাবে ক্রয় করে, সৌর চালিত ব্যাটারি ও স্থানীয় ভাবে তৈরী জিনিষের ব্যবহার বৃদ্ধি করে খরচের পরিমাণ কমানো ।

দেশীয় স্তরে শ্রবণযন্ত্র এবং ককলিয়া প্রতিস্থাপন তৈরী এবং ব্যবহারের পরিকাঠামো, গবেষণা ও আবিষ্কারে উৎসাহ দেওয়া।




# উদাহরণঃ




## Brazil

টেলি অডিওলজিকে ব্রাজিলের ফেডেরাল কাউন্সিল অফ স্পিচ ল্যাঙ্গুয়েজ প্যাথলজি এবং অডিওলজি স্বীকৃতি দিয়েছে। পরীক্ষায় দেখা গেছে যে, সামনা সামনি পরামর্শের ভিত্তিতে যারা শ্রবণ যন্ত্র পেয়েছে এবং টেলি অডিওলজির মাধ্যমে যে  শ্রবণ যন্ত্র পেয়েছে- উভয়ের ফলাফল এক। ( ক্যাম্পাস এবং ফেরারি ২০১২)








## United States

২০১৭ সালে আমেরিকায় কংগ্রেস ওটিসি শ্রবণ যন্ত্র আইনকে স্বীকৃতি দেয়। এর ফলে ২০২০ সালের শেষের দিকে লোকেরা দোকানের কাউন্টার থেকে শ্রবণযন্ত্র কিনতে পারবে। 'ওটিসি' এবং 'অডিওলজি বেস্ট প্র্যাকটিস' এই দুইয়ের তুলনামুলক বিচারের ফল প্রায় এক। এর ফলে কাউন্টার থেকে স্বল্প মুল্যে এবং সহজে শ্রবণ যন্ত্র পাওয়ার সুযোগ অনেকাংশে বৃদ্ধি পাবে।



## India

ভারতবর্ষের দক্ষিণে অবস্থিত তামিলনাড়ু রাজ্যে সরকারী স্তরে ৬ বছর অবধি শিশুদের বিনা খরচায় ককলিয়া প্রতিস্থাপন করা হয়। যে সব পরিবার প্রত্যন্ত অঞ্চলে থাকে, তাদের সাথে প্রতিস্থাপন পরবর্তী যোগাযোগ এবং পরিষেবা প্রদানের জন্য হাব এবং স্পোক মডেলে স্যাটেলাইট পরিষেবা কেন্দ্র তৈরী হয়েছে এই সব অনুন্নত জায়গায় পরিষেবা পৌঁছে দেওয়ার জন্য। এই কেন্দ্রগুলিতে শিক্ষিত পেশাদার এবং টেলি মেডিসিন এর মাধ্যমে সহায়তা দেওয়া হয়। এর ফলে দেখা গেছে ককলিয়া প্রতিস্থাপন পরবর্তী পরিষেবা গ্রহণের হার ৫০ % থেকে বেড়ে ৯০% হয়েছে । (কুমার ২০১৮ ও রিপোর্ট অফ স্ট্যান্ডিং কমিটি অফ দি মিনিস্ট্রি অফ সোশ্যাল জাস্টিস এন্ড এমপাওয়ারমেন্ট, ভারত সরকার)



World Health Organization whf@who.int
For more details refer to: Https://www.who.int/health-topics/hearing-loss